

Publication: Aitijya Bangla

Date: 28/08/2015

Edition: Kolkata

Page No: 3

Headline: TCS IT Wiz Kolkata Edition completed

টি.সি.এস আইটি কুইজ কলকাতা এডিশন অনুষ্ঠিত হল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতের সর্ববৃহৎ ইন্টার স্কুল কুইজ প্রতিযোগিতা টি.সি.এস আইটি কুইজ ২০১৫ কলকাতার কলামন্দিরে অনুষ্ঠিত হল। কলকাতা শহরের বিভিন্ন স্কুল থেকে প্রায় ১০০০ জনেরও বেশি পড়ুয়ারা এই আইটি কুইজে অংশগ্রহণ করেছিল। পাঁচটি রাউন্ডের পর রাজেশ্বর বিদ্যালয় জামশেদপুর জয়ী হয়। রাজেশ্বর বিদ্যালয়ের পক্ষ থেকে আদনান আজমত ও সাদান কালাম মেডেল ট্রফি ছাড়াও আই প্যাড এয়ার পায়। রানার্স আপ এম পি বিড়লা ফাউন্ডেশন স্কুলের পক্ষ থেকে সৃজন ব্যানার্জী



এবং জেরসেক রহমান মেডেল, ট্রফি ছাড়া আই প্যাড মিনি পায় পুরস্কার হিসাবে। অন্যান্য চূড়ান্ত পর্বে অংশগ্রহণ প্রতিযোগিতা টি.সি.এসের পক্ষ থেকে ল্যাপটপ ব্যাগ, হেড ফোন, সেলফি স্টিক উইথ ব্লুটুথ, স্কীপার এবং ইউ.এস.বি পেনড্রাইভ পুরস্কার হিসাবে পায়। পুরস্কারগুলি প্রতিযোগীদের হাতে তুলে দেন প্রিন্সিপাল ও সেক্রেটারি দেবাশিষ সেন, টি.সি.এসের এক্সিকিউটিভ প্রেসিডেন্ট অজয়েশ্বর মুখার্জী, শ্রীধর বস্তু প্রমুখ। বিশাখাপত্তনম থেকে শুরু হয়ে চূড়ান্ত পর্বে ন্যাশানাল ফাইনাল অনুষ্ঠিত হবে মুম্বাইতে।